



পলাশবাড়ী পৌরসভা



পলাশবাড়ী, গাইবান্ধা

ফোন-০৫৪২৪-৫৬১৯০, ০৫৪২৪-৫৬১৯১

ই-মেইল: palashbari.poura@gmail.com

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০২.০০৬০.০০১.০০.০০৬.২১-৭৫৬

তারিখ- ২৮-১২-২০২১ খ্রিঃ

পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের পৌর-২ শাখার স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৪.১১.১২৯.২০-২১৩০ তারিখ : ০৩-১০-২০২১ খ্রিঃ এর ছাড়পত্র মোতাবেক পলাশবাড়ী পৌরসভার নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের নিমিত্তে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে স্ব-হস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। উল্লেখ্য, যাহারা পূর্বে আবেদন করেছেন তাহাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	বেতনক্রম	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	ক্যাশিয়ার	০১টি	১০২০০-২৪৬৮০ গ্রেড- ১৪	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রী। বাস্তব অভিজ্ঞতা থাকলে অধাধিকার দেওয়া হবে।
০২	সহকারী কর আদায়কারী	০১টি	৯৭০০-২৩৪৯০ গ্রেড-১৫	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রী।
০৩	সহকারী লাইসেন্স পরিদর্শক	০১টি	৯৩০০-২২৪৯০ গ্রেড-১৬	উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা পাস অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা।
০৪	নিম্নমান সহকারী কাম মুদ্রাস্থরিক	০১টি	৯৩০০-২২৪৯০ গ্রেড-১৬	উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা পাস অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ বাংলায় ৩০ এবং ইংরেজিতে ৪০ শব্দের গতি থাকতে হবে। পৌরসভায় কর্মরত ৪র্থ শ্রেণীর কর্মচারীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। তবে এই পদের জন্য নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে।
০৫	রোড রোলার চালক	০১টি	৯৩০০-২২৪৯০ গ্রেড-১৬	৮ম শ্রেণী পাসসহ যানবাহন চালকের বৈধ লাইসেন্স এবং সংশ্লিষ্ট বিষয়ে ৩ বৎসর বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
০৬	টিকাদানকারী (মহিলা)	০১টি	৯০০০-২১৮০০ গ্রেড- ১৭	স্বীকৃত শিক্ষাবোর্ড হতে মাধ্যমিক পাস হতে হবে। টিকাদান কাজের প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থীকে অধাধিকার দেওয়া হবে।

(বিঃ দ্রঃ- বেতন গ্রেড এর ক্রটিতে সংশোধনযোগ্য)

শর্তাবলী :

- আবেদনকারীকে নিজ নাম, পিতা/স্বামীর নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, মোবাইল নং, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে), ধর্ম, জাতীয়তা উল্লেখ পূর্বক মেয়র, পলাশবাড়ী পৌরসভা বরাবরে আগামী ১৬-০১-২০২২ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে দরখাস্ত পাঠাতে হবে।
- ২৫-০৩-২০২০ ইং তারিখে বয়স ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে।
- আবেদনপত্রের সাথে নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয়পত্র /জন্ম সনদের সত্যায়িত কপি, ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ, অভিজ্ঞতা সনদ (যদি থাকে), ৩ কপি পাসপোর্ট সাইজের ছবি এবং শিক্ষাগত যোগ্যতার সকল সত্যায়িত সনদ সংযুক্ত করতে হবে।
- আবেদনপত্রের সাথে ৫০০/= (পাঁচ শত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) মেয়র, পলাশবাড়ী পৌরসভা অনুকূলে দাখিল করতে হবে।
- চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- খামের উপর পদের নাম উল্লেখ করতে হবে এবং ঠিকানা লেখাযুক্ত ৯"×৪" মাপের দশ টাকার ডাক চিকিট যুক্ত একটি অতিরিক্ত খাম প্রদান করতে হবে।
- সরকারী বিধি মোতাবেক কোটা সংরক্ষিত হবে। সেক্ষেত্রে প্রয়োজনীয় সনদপত্র দাখিল করতে হবে।
- লিখিত ও মৌখিক পরীক্ষার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- নিয়োগ প্রক্রিয়ায় কর্মচারী নিয়োগ ও বাছাই কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে এবং প্রয়োজনে কর্তৃপক্ষ যে কোন দরখাস্ত গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।
- এই নিয়োগ ও চাকুরী পৌরসভা চাকুরী বিধিমালা-১৯৯২ দ্বারা নিয়ন্ত্রিত হবে।



মোঃ গোলাম সারোয়ার
মেয়র

পলাশবাড়ী পৌরসভা, গাইবান্ধা।
ও আহবায়ক
কর্মচারী নিয়োগ বাছাই কমিটি।